চিংড়ি ঘের স্থাপন নিয়ে সংঘর্ষের জের

হরিণখোলা গ্রাম থমথমে একজন মহিলা নিখোঁজ

খুলনা, ৯ই নভেম্বর (জেলা বার্তা পরিবেশকের ফোন)।- গত ৭ই নভেম্বর একটি চিংড়ি ঘের স্থাপনকে কেন্দ্র করে পাইকগাছা উপজেলার দেলুটি ইউনিয়নের হরিণখোলা গ্রামে সংঘর্ষের সময় নিখোঁজ দু'জন মহিলার একজনকে উদ্ধার করা হলেও অপরজনকে এখনো উদ্ধার করা সম্ভব হয়নি। সে নিহত হয়েছে বলে ধারণা করা হচ্ছে। পুলিশ মোতায়েন থাকা সত্ত্বেও পুরুষরা বাড়ী ছেড়ে পালিয়ে যাওয়ায় গ্রামটির পরিবেশ থমথমে হয়ে উঠেছে। ঘটনার কারণে নেদারল্যান্ড সরকারের সাহায্যে খুলনার দক্ষিণাঞ্চলের বদ্বীপ উন্নয়ন প্রকল্প হুমকির সম্মুখীন হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানায়।

পুলিশ নিখোঁজ করুণাকে উদ্ধার করতে না পারলেও রূপবানকে আহত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেছে। পুলিশ তাকে গ্রেফতারও করেছে। ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে গ্রেফতারকৃতদের মধ্যে ১ জন বাদে সকলেই গ্রামবাসী। পুলিশ অজ্ঞাত কারণে সংশ্লিষ্ট প্রভাবশালী

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

মহিলা নিখোঁজ

(১ম পাতার পর)

ঘের মালিক ও তার লোকজনকে গ্রেফতার করেনি বলে এলাকাবাসী ক্ষুব্ধ।

যে পাঁচটি ট্রলারে করে ঘের মালিকের লোকজন ঘটনাস্থলে গিয়েছিল তার দু'টি ট্রলার পুলিশ পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করেছে।

এদিকে ঢাকাস্থ নেদারল্যান্ড দূতাবাসের ফার্স্ট সেক্রেটারী (পানি বিভাগ) জেসি ভ্যানডেরলান ও জেলা প্রশাসক আজ ঘটনাস্থল পরিদর্শন করেন।

ঘটনার প্রতিবাদে সিপিবি শহর শাখার উদ্যোগে আজ এখানে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। এছাড়াও সর্বদলীয় ছাত্রঐক্য পরিষদ এক বিবৃতিতে ঘটনার নিন্দা জানিয়ে দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করেন।

সংবাদ
১০.১১.৯০